System Analyst (IMCT)

JS

DD (Training)

17/8/21

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
http://ssrc.portal.gov.bd/

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০০৮.১৯- ৪১৪

তারিখঃ ০৮ জুন, ২০২১ খ্রিস্টাব্দ
২৫ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ

প্রাপক
বিজ্ঞাপন ম্যানেজার
দ্যা ডেইলি অবজারভার
২৪/এ, নিউ ইস্কাটন রোড, রমনা, ঢাকা।

বিষয়: **গবেষণা প্রস্তাবনা ও প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান।**

উপর্যুক্ত বিষয়ে এতদ্‌সংগে সংযুক্ত বিজ্ঞাপনটি হুবহু আপনার বহুল প্রচারিত 'দ্যা ডেইলি অবজারভার' পত্রিকায় ৯*৫ কলামে ভেতরের পৃষ্ঠায় জরুরিভিত্তিতে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নস্বাক্ষরকারী আদিস্ট হয়ে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। বিজ্ঞপ্তিটি আপনার দৈনিকে প্রকাশিত হওয়ার পর সৌজন্য সংখ্যাসহ এতদ্‌সংক্রান্ত বিল এ পরিষদে জরুরিভিত্তিতে প্রেরণ করা হলে তা পরিশোধের যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্ত: বর্ণনামতে।

০৮/০৬/২০২১
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

15.06.2021

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০০৮.১৯-

তারিখঃ ০৮ জুন, ২০২১ খ্রিঃ
২৫ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংযুক্ত নোটিশ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩। রেজিস্ট্রার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংযুক্ত নোটিশ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। রেজিস্ট্রার, বুয়েট, ঢাকা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংযুক্ত নোটিশ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংযুক্ত নোটিশ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংযুক্ত নোটিশ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংযুক্ত নোটিশ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯। সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে সংযুক্ত নোটিশ এবং গবেষণা ফিল্ড আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, ঢাকা (পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে সংযুক্ত নোটিশ এবং গবেষণা ফিল্ড আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১২। গবেষণা অনুসন্ধানী (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা (এসএসআরসির ওয়েবসাইটে সংযুক্ত নোটিশ এবং গবেষণা ফিল্ড আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৮/০৬/২০২১
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা

Tahmina Rahman
20/6/21
Programmer

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৯.০২.০০৮.১৯- /৪১১

তারিখঃ ০৮ জুন, ২০২১ খ্রিস্টাব্দ
২৫ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ

## গবেষণা প্রস্তাবনা ও প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান

২০২২-২০২৩ অর্থ বছরে আর্থিক মঞ্জুরি প্রদানের লক্ষ্যে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রমোশনাল, এমফিল, পিএইচডি, ফেলোশীপ ও প্রাতিষ্ঠানিক ক্যাটাগরির গবেষণা মঞ্জুরি প্রদানের লক্ষ্যে প্রস্তাবনা আহ্বান করা যাচ্ছে। এক্ষেত্রে **'অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা জুলাই ২০২০-জুন ২০২৫'** অনুসরণে 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭' অনুযায়ী বিশেষ করে সরকারের বিভিন্ন সেবা সংশ্লিষ্ট নিম্নোক্ত ১৫ (পনের) টি বিষয়বস্তুর (Theme) উপর গবেষণা প্রস্তাবনা দাখিল করতে হবেঃ

| ক্রমিক নং | ক্ষেত্র |
|---|---|
| ১. | দারিদ্র বিমোচন |
| ২. | সুস্বাস্থ্য ও কল্যাণ |
| ৩. | গুণগত শিক্ষা |
| ৪. | টেকসই নগর ও সমাজ |
| ৫. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন |
| ৬. | বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা, ভাষা আন্দোলন এবং মুক্তিযুদ্ধ |
| ৭. | জেন্ডার ক্ষমতায়ন, সামাজিক অন্তর্ভুক্তি ও সামাজিক সুরক্ষা |
| ৮. | কৃষি |
| ৯. | ধর্ম, বিনোদন ও সংস্কৃতি |
| ১০. | অন্যান্য সামাজিক ক্ষেত্র |
| ১১. | শিল্প ও অর্থনৈতিক সেবা |
| ১২. | চিকিৎসা |
| ১৩. | কোভিড-১৯ ও স্বাস্থ্যক্ষেত্র |
| ১৪. | কোভিড-১৯ উত্তর অর্থনৈতিক সংস্কার |
| ১৫. | অন্যান্য |

০২। গবেষণার জন্য আবেদনের শর্তাবলী:

(১) উপরে বর্ণিত গবেষণা ক্ষেত্রসমূহ ও সংশ্লিষ্ট উপক্ষেত্র বিস্তারিতভাবে বিন্যস্ত করা হয়েছে। এ সংক্রান্ত তথ্যাদি পরিকল্পনা বিভাগের ওয়েব সাইট-এ দেখা যাবে। গবেষক/গবেষণা প্রতিষ্ঠান যে কোন একটি উপক্ষেত্র নির্বাচন করে বাংলা অথবা ইংরেজি ভাষায় যে কোন একটি ক্যাটাগরীর গবেষণা প্রস্তাব ০২ (দুই) কপি দাখিল করতে পারবেন।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

(২) 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭' এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণ করে গবেষণা প্রস্তাব দাখিলে আগ্রহী গবেষক/গবেষণা প্রতিষ্ঠানকে আবেদন করতে হবে।

(৩) গবেষণা Profile এর কভার পৃষ্ঠায় ক্ষেত্র/উপক্ষেত্র ও গবেষণার শিরোনাম এবং ছবি (২ কপি) সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত, প্রশিক্ষণের বিবরণ ও ISBN/ISSN নম্বরযুক্ত গবেষণা সংক্রান্ত পাবলিকেশনের তথ্যাদি (যদি থাকে) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনের সাথে কি কি কাগজপত্র দেয়া হয়েছে তার একটি চেকলিস্ট দিতে হবে।

(৪) জাতীয় পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে।

(৫) 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭' এ বর্ণিত সংযোজনী ১ ও ২ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। প্রয়োজনমত সংযোজনী ১০, ১৩ ও ১৪ পূরণপূর্বক হার্ডকপি ও সফটকপি আবেদনের সাথে দিতে হবে। আবেদনের সাথে সংযুক্ত কাগজাদির ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

(৬) পিএইচডি ও এমফিল গবেষণার ক্ষেত্রে ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থ বছরে যারা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনপ্রাপ্ত হয়েছেন বা হবেন, তারা আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। আবেদনের সাথে প্রোফাইলে থিসিস গ্রুপ/নন থিসিস গ্রুপ উল্লেখ করতে হবে। আবেদনে অন্যান্য কাগজাদির সাথে তত্ত্বাবধায়কের প্রত্যয়নপত্র ও জীবন বৃত্তান্ত সংযোজন করতে হবে।

(৭) গবেষক/প্রতিষ্ঠানের Proposal এবং Profile সম্পূর্ণ আলাদা থাকবে। Proposal এর কভার পৃষ্ঠায় শুধুমাত্র গবেষণার শিরোনাম, ক্ষেত্র/উপক্ষেত্র ও গবেষণার ক্যাটাগরী থাকবে। আবেদনের সাথে চাহিত তথ্য বা কাগজাদির অতিরিক্ত কোন তথ্য বা কাগজাদি দেয়া যাবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

(৮) সরকারি চাকরিজীবীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

(৯) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনপ্রাপ্ত যেসব পিএইচডি ও এমফিল গবেষণার বিপরীতে যেকোন প্রতিষ্ঠানের ফেলোশীপ মঞ্জুরি রয়েছে সেসব গবেষণা প্রস্তাবনার বিপরীতে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ অর্থ মঞ্জুরি করবে না। এক্ষেত্রে আবেদনকারীকে অন্য কোন প্রতিষ্ঠান থেকে মঞ্জুরি পেয়েছে কিনা বিষয়টি তার আবেদনে উল্লেখ করতে হবে।

(১০) সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদে চলমান গবেষণা সমাপ্ত না হলে নূতন করে আবেদন করা যাবে না।

(১১) একই গবেষক/প্রতিষ্ঠান একাধিক ক্যাটাগরীতে আবেদন করতে পারবেন না। কোনো প্রমোশনাল গবেষক একবারের অধিক প্রমোশনাল ক্যাটাগরির মঞ্জুরি গ্রহণ করতে পারবেন না।

(১২) সরকারের গৃহীত সামাজিক নিরাপত্তা কর্মসূচী, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে গুণগত মানউন্নয়ন এবং উন্নত স্বাস্থ্য সেবার মান সম্পর্কিত গবেষণা প্রস্তাব প্রাতিষ্ঠানিক ক্যাটাগরীতে অগ্রাধিকার দেয়া হবে।

(১৩) নিম্নস্বাক্ষরকারী বরাবর অফিস চলাকালীন সময়ে **গবেষণা প্রস্তাবনা দাখিলের সর্বশেষ তারিখ: ৩১ অক্টোবর, ২০২১ খ্রি./১৫ কার্তিক, ১৪২৮।**

০৩। ২০২১-২০২২ অর্থ বছরে আর্থিক মঞ্জুরি প্রদানের লক্ষ্যে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ কর্তৃক **সামাজিকবিজ্ঞান গবেষণা পদ্ধতি ও কৌশলের ওপর** প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ ইনস্টিটিউট, বিভাগ, গবেষণা ইনস্টিটিউট বা সরকারি বা বেসরকারিভাবে প্রতিষ্ঠিত প্রশিক্ষণ/মন্ত্রণালয়ের কোনো বিভাগ হতে **আর্থিক মঞ্জুরির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।**

০৪। <u>প্রশিক্ষণের জন্য আবেদনের শর্তাবলী:</u>

(১) 'সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০১৭' এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণ করে আবেদন দাখিলে আগ্রহী প্রতিষ্ঠানকে আবেদন করতে হবে।

(২) আবেদনের সাথে প্রতিষ্ঠান, প্রশিক্ষকের বিস্তারিত তথ্য, প্রশিক্ষণ পরিচালনায় অভিজ্ঞতা, বাজেট এবং প্রশিক্ষণ ম্যানুয়াল জমা প্রদান করতে হবে।

(৩) আবেদনের উপর স্পষ্টভাবে 'প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ' উল্লেখ থাকতে হবে।

(৪) নিম্নস্বাক্ষরকারী বরাবর অফিস চলাকালীন সময়ে **সামাজিকবিজ্ঞান গবেষণা পদ্ধতি ও কৌশলের ওপর প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য আবেদন দাখিলের সর্বশেষ তারিখ: ২৯ জুলাই, ২০২১ খ্রি./১৪ শ্রাবণ, ১৪২৮।**

০৫। গবেষণা প্রস্তাব ও প্রশিক্ষণ প্রস্তাব দাখিল সংক্রান্ত বিস্তারিত তথ্য পরিকল্পনা বিভাগের ওয়েব সাইট <u>www.plandiv.gov.bd</u> এবং <u>ssrc.portal.gov.bd</u>- এর সামাজিকবিজ্ঞান গবেষণা নীতি ও কর্মকৌশল-২০১৭ লিংক এ পাওয়া যাবে।

০৫.০৬.২০২১

(কামরুজজামান)
উপসচিব
ফোনঃ ৯১৮০৫৯৮
ই-মেইলঃ ssrc.planningdivision@yahoo.com